

**শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজী
বাধ্যতামূলক করার
বিষয় চিন্তা-ভাবনার
সময় আসিয়াছে**
রংপুর হইতে বাস : প্রেসি-
ডেন্ট এ শিদি দেশের উন্নয়ন প্রচেষ্টায়
অর্থবহ অবদান রাখার জন্য নিজে-
(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজী

(১ম পৃ: পর)

দেয়কে যোগ্য নাগরিক হিসাবে গড়িয়া তোলার উদ্দেশ্যে মেধা ও শক্তি কাজে লাগানোর জন্য ছাত্রদের প্রতি আহ্বান জানান।

কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ মিলনায়তনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে কলেজ প্রাক্ষেপে এক বিরাট ছাত্র সমাবেশে ভাষণদানকালে প্রেসিডেন্ট বলেন, লেখাপড়াশেষে জাতির জন্য কাজ করার সুযোগ নাভের চাইতে বড় পুরস্কার আর হইতে পারে না।

পাটমন্ত্রী এ কে এম মাইদুল ইসলাম এবং কলেজের অধ্যক্ষ ড: জব্বার মিয়াও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

প্রেসিডেন্ট বলেন, বর্তমান শিক্ষা পদ্ধতিকে দেশের প্রয়োজনের সহিত খাপ খাওয়ানো পুনর্বিন্যাস করার বিষয়ে সরকার চিন্তা-ভাবনা করিতেছেন। এই উদ্দেশ্যে জেলা পর্যায়ের কলেজে অনার্স কোর্স চালু করিয়া সেগুলিকে বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত করা হইবে। একটি অনুমোদনদানকারী বিশ্ববিদ্যালয় এসব কলেজের পরীক্ষা পরিচালনা করিবে। অপরদিকে বর্তমানের আবাসিক বিশ্ববিদ্যালয়গুলি শুধু আবাসিক বিশ্ববিদ্যালয় হিসাবেই থাকিবে।

প্রেসিডেন্ট সর্বস্তরে বাংলা ব্যবহার নিশ্চিত করার উদ্দেশ্যে সরকারের গৃহীত ব্যবস্থার কথা উল্লেখ করিয়া বলেন, আন্তর্জাতিক ভাষা হিসাবে শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজী বাধ্যতামূলক বিষয় হিসাবে পড়ার কথা সকলের চিন্তা করার সময় আসিয়াছে।

প্রেসিডেন্ট বলেন, কিছুসংখ্যক ছাত্রের রাজনৈতিক কার্যকলাপের দরুন শিক্ষাক্ষেত্রের পবিত্রতা নষ্ট হইতেছে।

প্রেসিডেন্ট পরে কলেজ মিলনায়তনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের রংপুর হাইকোর্ট বিভাগের প্রদত্ত এক সম্বর্ধনায় যোগদান করেন এবং রংপুর বার এসোসিয়েশন ভবনের উদ্বোধন করেন।

এই উপলক্ষে বক্তৃতায় প্রেসিডেন্ট-এরশাদ বলেন, ক্রম বিচার নিশ্চিত করার উদ্দেশ্যে বিচার ব্যবস্থার বিকেন্দ্রীকরণের মাধ্যমে দেশের বিভিন্ন অংশে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ৬টি স্থায়ী বেঞ্চ স্থাপন করা হইয়াছে।

প্রেসিডেন্ট রংপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের একটি মার্কেট কমপ্লেক্সের নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

প্রেসিডেন্ট রংপুর জেলার মেধাবী ছাত্রদের মধ্যে স্বর্ণপদক বিতরণ করেন। ইছাছাড়া রংপুর কল্যাণ ট্রাস্ট প্রদত্ত বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য বিশিষ্ট ব্যক্তিদের মধ্যেও প্রেসিডেন্ট স্বর্ণপদক বিতরণ করেন। ট্রাস্টের পক্ষ হইতে জেলায় একটি ফুটবল টুর্নামেন্টের জন্য 'এরশাদ গোল্ডকাপ' নামক একটি কাপ প্রেসিডেন্টকে প্রদান করা হয়।